কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

ফোন : ৪৮৮১১৮৯৮৪
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৮৮-০২-৯১১৮৪১৫
ই-মেইল : dg@bjri.gov.bd

স্মারক নং-১২.২৩.০০০০.০২০.৩২.৪৮.১৯- ৯৬০ (২৬)

তারিখঃ ১২/১০/২০২১

**বিষয়ঃ ০৬ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

বিজেআরআই এর টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে গত ০৬ অক্টোবর ২০২১ তারিখে ড. মোঃ আইয়ুব খান, মহাপরিচালক, বিজেআরআই মহোদয়ের সভাপতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

১২/১০/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচালক (পিটিসি) এবং আহবায়ক
এসডিজি বাস্তবায়ন কমিটি
বিজেআরআই

বিতরনঃ
১. পরিচালক (কৃষি/পিটিসি/কারিগরী/জুট-টেক্সটাইল), বিজেআরআই।
২. সকল সিএসও...........................................................................বিভাগ, বিজেআরআই।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ), বিজেআরআই।
৪. ড. মোছাঃ আলেয়া নাসরীন, পিএসও, মাইক্রোবায়োলজি শাখা
৫. ড. মোঃ নজরুল ইসলাম, পিএসও, পেস্ট ম্যানেজমেন্ট বিভাগ।
৬. ড. মোঃ নূরুল ইসলাম, পিএসও, রসায়ন বিভাগ।
৭. ড. এ. টি. এম. মোরশেদ আলম, পিএসও, পিটিসি বিভাগ ।
৮. ড. এম এম আলমগীর সাঈদ, পিএসও, টেক্সটাইল ফিজিক্স বিভাগ।
৯. ড. এস, এম, মাহবুব আলী, পিএসও, জিআরএসডি।
১০. জনাব মোঃ ইউনুস আলী, এসএসও, এফকিউআইডি।
১১. ড. মোঃ বাবুল হোসেন, এসএসও, জেএফএসডি।

অনুলিপিঃ
১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, বিজেআরআই (বিজেআরআই এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিজেআরআই।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

ফোন : ৯১১০৮৬৮
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৮৮-০২-৯১১৮৪১৫
ই-মেইল : dg@bjri.gov.bd

# টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ০৬-১০-২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা।
স্থানঃ বোর্ড রুম, বিজেআরআই।
সভাপতিঃ ড. মোঃ আইয়ুব খান, মহাপরিচালক, বিজেআরআই।

টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত এক সভা গত ০৬ অক্টোবর ২০২১ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ড. মোঃ আইয়ুব খান, মহাপরিচালক, বিজেআরআই-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজেআরআই-এর পরিচালকমন্ডলী, সকল বিভাগীয় প্রধান এবং বিজেআরআই-এর SDG সংক্রান্ত কমিটির সদস্যসহ National Action Plan এ অন্তর্ভুক্ত বিজেআরআই এর প্রকল্পসমুহের মধ্যে চিহ্নিত ১১টি প্রকল্পের ডিপিপি প্রনয়ন সংক্রান্ত কমিটিসমূহের সদস্যগনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভায় উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা পরিশিষ্ট-'ক'-এ সংযুক্ত করা হয়েছে)।

**০২। উপস্থাপনা ও আলোচনাঃ**

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় বলেন, বিজেআরআই এর জন্য প্রতি বছর অনুন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থ হতে গবেষণা অবকাঠামোর উন্নয়ন করা সম্ভব নয়। তাই, প্রতিষ্ঠানের গবেষণার ভৌত সুযোগ সুবিধার উন্নয়নের জন্য প্রকল্প গ্রহনের কোন বিকল্প নাই। এক্ষেত্রে তিনি এসডিজি National Action Plan এ অন্তর্ভুক্ত বিজেআরআই এর প্রকল্পসমুহের মধ্যে হতে চিহ্নিত ১১টি প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত অনুমোদন প্রক্রিয়াকরণের উপর গুরুত্ব আরোপ করেন।

অতঃপর সভাপতি মহোদয় ড. এস, এম, মাহবুব আলী, পিএসও এবং SDG ফোকাল পয়েন্টকে আলোচ্য সূচি অনুযায়ী SDG বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করার আহবান জানান। ড. এস, এম, মাহবুব আলী, সভার আলোচ্যসুচী অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে ড. এস, এম, মাহবুব আলী SDG এবং লিড মন্ত্রনালয় হিসেবে কৃষি মন্ত্রনালয়ের আওতাভুক্ত SDG Goal 2 এর অন্তর্ভুক্ত Target সমূহের বিষয়ে আলোকপাত করেন। তিনি উল্লেখ করেন, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) এর National Action Plan এ কৃষি মন্ত্রনালয়ের অংশের মধ্যে বিজেআরআই এর ৩৬টি প্রকল্প অন্তর্ভুক্ত আছে। উক্ত ৩৬টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে যার মধ্যে ২টি প্রকল্প সমাপ্ত হয়েছে। গত ২৩-০৮-২০২০ তারিখে বিজেআরআই এ অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী ১১ টি প্রকল্প চিহ্নিত করে ডিপিপি প্রনয়নের জন্য কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিসমূহকে প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক ০৩ মাসের মধ্যে জমা দেয়ার জন্য ১০-০৯-২০২০ তারিখে পত্র জারী করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রকল্পের ডিপিপি জমা না হওয়ায় গত ২০-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত বিজেআরআই এর জুন ২০২১ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী সকল কমিটির আহবায়ক/সদস্য-সচিব এর নিকট চিহ্নিত প্রকল্পের ডিপিপি প্রণয়ন সংক্রান্ত অগ্রগতির তথ্য ০১-০৭-২০২১ তারিখের মধ্যে প্রেরনের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু, এর মধ্যে করোনা মহামারির কারণে লকডাউন শুরু হওয়ায় অগ্রগতির বিষয়টি পর্যালোচনা করা যায় নাই।

এ পর্যায়ে, সভাপতি মহোদয় বলেন ইতোমধ্যে কোন কোন কমিটির আহবায়ক চাকুরী হতে অবসরে গেছেন, আবার কারো কারো চাকুরীতে অবস্থানের পরিবর্তন হয়েছে। সেক্ষেত্রে উক্ত কমিটিসমূহ পরিবর্তন করা প্রয়োজন হতে পারে।

এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে কমিটি পূনর্গঠনের ব্যাবস্থা গ্রহন করবেন মর্মে তিনি নির্দেশনা প্রদান করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় সভার কার্যপত্রে উল্লেখিত তালিকা অনুযায়ী চিহ্নিত প্রকল্পসমূহের ডিপিপি প্রনয়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কমিটির আহবায়ক/সদস্য-সচিব কে অনুরোধ করেন।

আলোচনায় ড. এ. টি. এম. মোরশেদ আলম, পিএসও, পিটিসি বিভাগ সভাকে অবহিত করেন যে, "Production and Distribution of Quality Seed" প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক কৃষি মন্ত্রনালয়ে প্রেরণ করা হলে প্রকল্পটিকে বিএডিসি কর্তৃক প্রনীত পাট বীজ প্রকল্পের সাথে একটি অঙ্গ হিসেবে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেয়া হয়। ড. এ. টি. এম. মোরশেদ আলম আরো জানান যে বিএডিসি লিড এজেন্সি হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিজেআরআই অন্তর্ভুক্ত করে একটি প্রকল্প হবে। সে মোতাবেক ডিপিপি সংশোধন করে বিএডিসি'র নিকট প্রেরণ করা হয়েছে এবং বিএডিসি বর্তমানে প্রকল্পটি কম্পাইলেশনের কাজ করছে। অন্যান্য প্রকল্পের সংশ্লিষ্ট কমিটির আহবায়ক/সদস্য-সচিব ডিপিপি প্রনয়নের অগ্রগতির বিষয়ে সভায় আলোকপাত করেন এবং বিস্তারিত আলোচনা হয়।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. "Production and Distribution of Quality Seed" প্রকল্প ব্যাতিত সকল প্রকল্পের ডিপিপি প্রণয়নপূর্বক আগামী তিন মাসের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট জমা দিতে হবে। মহাপরিচালক মহোদয় দাখিলকৃত প্রকল্পের ডিপিপি হতে বাছাই করে অগ্রাধিকার নির্ধারণ করবেন এবং প্রক্রিয়াকরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।

২. প্রণয়নকৃত প্রকল্পের ডিপিপি এর উপর পাওয়ার পয়েন্ট উপাস্থপনা প্রদান করতে হবে।

৩. কার্যপত্রের ৯ নং প্রকল্পটির কৃষিতত্ত্ব অংশ (ক্রপ ও নিউট্রিয়েন্ট ম্যানেজমেন্ট) নিয়ে একটি প্রকল্প হবে এবং পেস্ট ম্যানেজমেন্ট অংশ নিয়ে ভিন্ন প্রকল্প হবে। সে মোতাবেক দুটি প্রকল্পের ডিপিপি প্রণনের জন্য দুটি কমিটি গঠিত হবে।

৪. কার্যপত্রের ১১ নং প্রকল্পের (মেগা প্রকল্প) ডিপিপি প্রণয়নের বিষয়ে পরিচালক (পিটিসি) মহোদয় তত্ত্বাবধান করবেন।

৫. কমিটিসমূহ পূনর্গঠনের বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে কমিটি পূনর্গঠনের ব্যাবস্থা গ্রহন করবেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় মহাপরিচালক মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২০/১০/২০২১

(মোঃ রফিকুল ইসলাম)
পরিচালক (পিটিসি) এবং আহবায়ক
এসডিজি বাস্তবায়ন কমিটি
বিজেআরআই, ঢাকা।

২০/১০/২০২১

(ড. মোঃ আইয়ুব খান)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
বিজেআরআই, ঢাকা।